দৈনিক ইত্তেফাক

9

তারিখ ... ... ... DEC. 1 5 1999
পৃষ্ঠা ৭ ০ কলাম ৩




*বিশ্ব মাতৃভাষা দিবস উপলক্ষে গ্রীন বাংলাদেশের মিছিল*

# চট্টগ্রামে বিশ্ব মাতৃভাষা দিবস পালিত

চট্টগ্রাম অফিস ॥ ইউনেস্কো কর্তৃক ২১শে ফেব্রুয়ারীকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা গ্রীন বাংলাদেশ গত ৭ই ডিসেম্বর এক মিছিল বাহির করে। পরে মিছিলকারীরা শহীদ মিনারে গিয়া সেখানে পুষ্পস্তবক অর্পণ করে।

একই দিন বাংলাদেশ রেলওয়ে শ্রমিক লীগ আয়োজিত এক সমাবেশে বক্তারা বলেন, ২১শে ফেব্রুয়ারীকে বিশ্ব মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দিয়া বিশ্বের দরবারে বাঙালীদের ভাবমূর্তি উজ্জ্বল হইয়াছে। মোহাম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে সিআরবি চত্বরে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, মোহাম্মদ সিরাজউল্লাহ জামিল আকতার মানিক, অরুণ চন্দ্র দাশ, গোকুল চক্রবর্তী, মোহাম্মদ নুরুল হক প্রমুখ।